দৈনিক সংবাদ

তারিখ 12 OCT 1995
পৃষ্ঠা ৪ কলাম ৪

## শিক্ষামন্ত্রী সমীপে

আমাদের দেশে শিক্ষা ব্যবস্থা ত্রুটিমুক্ত করার জন্য বিভিন্ন পদ্ধতি অবলম্বন করা হচ্ছে। এর ফলে ১৯৯৬ সাল থেকে সমস্ত ছাত্রছাত্রীকে নতুন পদ্ধতিতে পরীক্ষা দিতে হবে। ১৯৯২-১৯৯৫ সাল পর্যন্ত নির্দিষ্ট প্রশ্নব্যাংক থেকে অবজেকটিভ আসতো। '৯৬ সাল থেকে এ নিয়মটা পুনরায় পাল্টে দেয়া হয়েছে ছাত্রছাত্রীদের মেধা যাচাই করার জন্য। ১৯৯৬ সাল থেকে এ নির্দিষ্ট প্রশ্নব্যাংক থেকে অবজেকটিভ আসবে না সেটা বছরের প্রথম থেকে ঘোষণা দেয়া হয়েছে। এজন্য যেসমস্ত প্রশ্ন সিলেবাসে নেই সেই সমস্ত প্রশ্ন অবজেকটিভের জন্য পড়তে হচ্ছে। তাই বছরের প্রথম থেকে আমরা অবজেকটিভের জন্য সমস্ত বই পড়ে আসছি। এজন্য বিশেষ কোন অসুবিধা হচ্ছে না। তারপরও '৯৫ সালের মাঝামাঝি এসে শোনা যাচ্ছে ১৯৯৫ সালের প্রশ্ন পুনরাবৃত্তি করা হবে ও প্রশ্নের ধারা পাল্টে দেয়া হবে। এতে আমাদের মনে আতংকের সৃষ্টি হয়েছে। কারণ রচনামূলকের জন্য আমরা একই পদ্ধতির ভিত্তিতে পড়াশুনা করে আসছি। রচনামূলকের জন্য এখন কোন নতুন পদ্ধতি অবলম্বন করলে সেটা অনুসরণ করা আমাদের দ্বারা সম্ভব নয়। এ নিয়মটা যেন '৯৭ সাল থেকে কার্যকরী করা হয়। তাই শিক্ষামন্ত্রীর কাছে আমাদের অনুরোধ যেন, ১৯৯৬ সালের জন্য আর কোন নতুন পদ্ধতি অবলম্বন না করেন।

সুরাইয়া পারভীন (এলিজা)
অগ্রণী বিদ্যালয়, বিআইটি রাজশাহী